গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০২০-৮৯

তারিখ: ১৩ কার্তিক ১৪২৭ / ২৯ অক্টোবর ২০২০

বিষয়: এপিএ টীমের মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ২৯.১০.২০২০ তারিখে অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীমের মাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হ'ল।
সংযুক্তি: বর্ণনামতে।

২৯/১০/২০২০

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ০১৭১১৬৯২৯২৭
ime2@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা;
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইসিটি) রেলপথ মন্ত্রণালয়, ঢাকা;
৩। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা;
৪। জনাব আ.ন.ম. আজিজুল হক, যুগ্মপ্রধান (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৫। জনাব জনাব মোহাং শওকত রশীদ চৌধুরী, যুগ্ম সচিব (বাজেট), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৬। জনাব মোঃ জর্জিসুর রহমান, উপসচিব (উন্নয়ন-৩), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৭। জনাব মীর আলমগীর হোসেন, উপসচিব (প্রশাসন-৪), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৮। জনাব মুহাম্মদ আব্দুস সালাম, উপসচিব (প্রশাসন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা;
৩। জনাব মুহাম্মাদ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা;
৪। অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর ব্যক্তিগত কর্মকর্তা,রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা; এবং
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নিমিত্ত এপিএ টিমের ২৯/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ সিরাজুল ইসলাম
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
তারিখ : ২৯ অক্টোবর ২০২০
সময় : সকাল ১১.০০ টা
স্থান : অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ) এর অফিস কক্ষ
(কক্ষ নং-৯২৬, ৯ম তলা), রেলভবন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০- ২১ এর ৯ নং অনুচ্ছেদে এপিএ টীমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় অদ্যকার সভা ২০২০-২১ অর্থবছরের ৪র্থ মাসিক সভা। তিনি বর্তমান করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরে এপিএ'র নির্ধারিত লক্ষ্যমাত্রা যথাযথ বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য তিঁনি এপিএ টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কে আহবান জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচি অনুসরণে আলোচ্য বিষয় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ক) গত ২৯/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br>**সিদ্ধান্ত- ৩(ক):** এপিএ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য প্রশাসন-২ শাখাকে পুনঃ অনুরোধ করা যেতে পারে। | সভায় আলোচনা হয় যে, রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের দায়িত্ব প্রশাসন-২ শাখা এর উপর ন্যস্ত। এপিএ টিমের পক্ষ থেকে এপিএ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য ২৩/০৯/২০২০ তারিখের ১৮ নং পত্রে প্রশাসন-২ শাখাকে অনুরোধ করা হয়েছে। পুনরায় অনুরোধ জানাতে অনুমতি দানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। এ বিষয়ে সিদ্ধান্ত বাস্তবায়িত মর্মে প্রতীয়মান। | ৩(ক), ৩(খ), ৩(গ) ও ৩(ঘ)-এর বিষয়ে কোন সিদ্ধান্ত নেই। | |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **সিদ্ধান্ত- ৩(খ):** ২০২০-২১ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের এপিএ বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ এবং সচিব, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের মধ্যে গত ১৭/০৯/২০২০ তারিখে ২০২০-২১ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের এপিএ স্বাক্ষর সম্পন্ন হয়। ২০/০৯/২০২০ তারিখে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তা প্রকাশ করা হয়। কার্যক্রম তথা কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের অনুরোধ করে সংশ্লিষ্ট শাখাসমূহকে ইতমধ্যে অবহিতকরণ পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। | | |
| **সিদ্ধান্ত- ৩(গ):** আগামী ১৫/১০/২০২০ তারিখের পূর্বে ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে। | এপিএ'র ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ের বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) এর সভায় অনুমোদনপূর্বক ১৫/১০/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রিকরতঃ প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। | | |
| **সিদ্ধান্ত- ৩(ঘ):** এপিএ'র কার্যক্রমসমূহ মন্ত্রণালয়ের শাখা ভিত্তিক তালিকা প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | এপিএ'র কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকসমূহের ভিত্তিতে মন্ত্রণালয়ের শাখা ভিত্তিক ওয়ারী প্রস্তুতপূর্বক ০১ অক্টোবর ২০২০ তারিখে সংশ্লিষ্ট শাখাসমূহে প্রেরণ করা হয়েছে। | | |
| খ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের কর্মপরিকল্পনা | এপিএ'র বাস্তবায়নের জন্য বাংলাদেশ রেলওয়ে ও রেলপথ মন্ত্রণালয়ের শাখাভিত্তিক কর্মসম্পাদন সূচকসমূহ প্রস্তুতপূর্বক এর তালিকা স্ব-স্ব দপ্তরে প্রেরণ করা হয়েছে। এছাড়া বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় এপিএতে সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সাথে বিস্তারিত আলোচনা হয়েছে। ইতমধ্যে এপিএ টিমের পক্ষ হতে সরেজমিনে অগ্রগতি যাচাইয়ের জন্য কিছু ক্ষেত্রে পরিদর্শন কার্যক্রম সম্পন্ন হয়েছে। | এপিএ বাস্তবায়নে তদারকি কার্যক্রম আরও জোরদার করতে হবে। | এপিএ টিম |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গ) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধনী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগ-এ প্রেরণ | **১৮.১০.২০২০** তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত ছিল যে "কর্মসম্পাদন সূচক ৩.৩.১, ৩.৩.২ এর সংশোধনের প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে"। এ প্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ে হতে কর্মসম্পাদন সূচকসমূহের সংশোধনী প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে ২০২০-২১ অর্থবছরের এপিএ'র সংশোধনী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | বাজেট ব্যবস্থাপনা কমিটি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২০-২১ অর্থবছরের এপিএ'র কর্মসম্পাদন সূচক -৩.৩.১ ও ৩.৩.২ এর সংশোধনী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | |

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭.১০.২০২০

(মোঃ সিরাজুল ইসলাম)
এপিএ টিম লিডার
এবং
অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
রেলপথ মন্ত্রণালয়